

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত বিজ্ঞপ্তি হিসেবে গণ্য হইবে।)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়,

চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

৩০-১০-২১

২৯/১০/২০২১ তারিখ দিবাগত রাত আনুমানিক রাত ১২-৩০ ঘটিকায় প্রধান পুরুষ ছাত্রাবাসে কলেজের ২টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে কলেজ ও হোস্টেল ক্যাম্পাসে চরম উত্তেজনার সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে তাৎক্ষণিকভাবে একাডেমিক কাউন্সিলের এক জরুরী সভা, অধ্যাপক ডাঃ সাহেনা আক্তার এর সভাপতিত্বে চমেক নুতন একাডেমিক ভবন সেমিনার হলে অনুষ্ঠিত হয়।

সভায় ছাত্রাবাসে সংঘটিত ঘটনাসমূহ আলোচনা ও পর্যালোচনা করা হয়। বর্তমানে নিউরোসার্জারী বিভাগে ভর্তির তিন জন শিক্ষার্থীর মধ্যে চিকিৎসারত একজন ছাত্রের অবস্থা গুরুতর হওয়ায় এবং কলেজ ক্যাম্পাস ও ছাত্রাবাসের পরিস্থিতি আদৌ অনুকূলে নয় বিধায় উপস্থিত সম্মানিত সদস্য-সদস্যবৃন্দ সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তে উপনীত হন :

- ১। পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত হাসপাতাল ওয়ার্ড ডিউটিসহ (এমবিবিএস ও বিডিএস কোর্সের ছাত্র-ছাত্রীদের) কলেজ অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করা হইল।
- ২। অদ্য ৩০-১০-২১ইং তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে সকল ছাত্রাবাস ছাত্রীনিবাসে অবস্থানরত ছাত্র-ছাত্রীদেরকে হোস্টেল সিট ছাড়িয়া দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হইল। কেবলমাত্র বিদেশী ছাত্র-ছাত্রীবৃন্দ স্ব স্ব পরিচয়পত্র সঙ্গে রাখিয়া তাহাদের নির্দিষ্ট ব্লকে অবস্থান করিতে পারিবে।
- ৩। বিশ্ববিদ্যালয়ের স্নাতক কোর্সের চলমান সকল পেশাগত পরীক্ষা আপাততঃ স্থগিত করা হইল। পুনঃ নির্ধারিত পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে জানানো হইবে।
- ৪। কলেজ না খোলা পর্যন্ত সাধারণ ছাত্র-ছাত্রীবৃন্দ অথবা কলেজ ও হাসপাতাল ক্যাম্পাসে অবস্থান করিতে পারিবেনা। অন্যথায় ইহার জন্য দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর উপর বর্তাইবে।
- ৬। পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত সমস্ত ক্যাম্পাস পুলিশ প্রশাসনের উপর ন্যস্ত করা হইল। পরিস্থিতি অনুকূলে আনার জন্য পুলিশ প্রয়োজনবোধে যে কোন সময় যে কোন ছাত্রকে বা তাহার কক্ষ তল্লাশী করিতে পারিবেন। ইহার জন্য কর্তৃপক্ষের পূর্বানুমতির প্রয়োজন হইবে না।

সভা শেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ক্যাম্পাসের অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সার্বিক প্রচেষ্টা চালানোর অনুরোধ জানাইয়া সবাইকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যাপক ডাঃ সাহেনা আক্তার)

অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল কলেজ

স্মারক নং চমেক/৩০৯৫(১০০)

তারিখঃ ৩০-১০-২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।
- ২। উপাধ্যক্ষ/অধ্যাপক ও বিভাগীয় প্রধান/অধ্যাপক/ডাঃ বিভাগ, চমেক।
অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/..... বিভাগ, চমেক।
- ৩। চেয়ারম্যান, হোস্টেল কমিটি, চমেক।
- ৪। তত্ত্বাবধায়ক/উপ তত্ত্বাবধায়ক (সকল), ----- ছাত্রাবাস/ছাত্রীনিবাস, চমেক। ইহা তাঁহার অধীনস্থ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দকে জ্ঞাত করার জন্য অনুরোধ করা হইল।
- ৫। বার্তা সম্পাদক/বার্তা ব্যুরো (সকল), ----- চট্টগ্রাম।
- ৬। নোটিশ বোর্ড (সকল), চমেকহা।

অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল কলেজ।

(চলমান পাতা-২)

স্মারক নং চমেক/৩০৯৫(১০০)/১(৭)

তারিখঃ ৩০-১০-২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। মাননীয় সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা/স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। -----

অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল কলেজ।

স্মারক নং চমেক/৩০৯৫(১০০)/১(৭)

তারিখঃ ৩০-১০-২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
- ২। উপ-পুলিশ কমিশনার (উত্তর), মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
- ৩। সহকারী পুলিশ কমিশনার, পাঁচলাইশ জোন, চট্টগ্রাম।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাঁচলাইশ থানা, চট্টগ্রাম।
- ৫। দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, পুলিশ ক্যাম্প, চট্টগ্রাম মেডিকেল কলেজ ও হাসপাতাল, চট্টগ্রাম।

পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত অত্র কলেজ, হাসপাতাল এবং সমস্ত হোস্টেল ও তৎসংলগ্ন এলাকায় পর্যাপ্ত পরিমাণে পুলিশ মোতায়েন ও বর্ণনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল কলেজ